

নং-৫২.০১.৮৮৮৯.০০০.০২.০০৪.১১-০৭

তারিখ: ১০/০৮/২০২১ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পের মূলশুমারির কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র তাড়াশ উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী বাসিন্দাদেরনিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্র:নং	পদের নাম	পদ সংখ্যা	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	১৬	১) ন্যূনতম এইচএসসি/ সমমান/ স্ম্যাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোনে বাংলা ও ইংরেজি টাইপিং এ পারদর্শী হতে হবে। ৩) ২৩/০৮/২০২১ তারিখে বয়স ২২-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।
০২	তালিকাকারী/গণনাকারী	১০৩	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোনে বাংলা ও ইংরেজি টাইপিং এ পারদর্শী হতে হবে। ৩) ২৩/০৮/২০২১ তারিখে বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।

শর্তাবলী:

- ১) উপজেলা পরিসংখ্যান কার্যালয় হইতে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ২) মোবাইল এ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে, স্মার্ট ফোন চালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ৩) আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট মহল্লা/গ্রামের বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট মহল্লা/গ্রাম হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পাশাপাশি মহল্লা/গ্রাম অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন থেকে গণনাকারী/সুপারভাইজার নিয়োগ করা হবে।
- ৪) গ্রাম/মহল্লা ভিত্তিক শূন্য পদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব পোর্টাল, নোটিশ বোর্ড, উপজেলা পরিসংখ্যান অফিসের নোটিশ বোর্ড এবং ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- ৫) সকল পরীক্ষা পাশের সনদের কপি, নাগরিক সনদের কপি এবং জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত থাকতে হবে।
- ৬) ২২.০৮.২০২১ ইং তারিখের মধ্যে আবেদন উপজেলা পরিসংখ্যান অফিসে জমা দিতে হবে।

৭) পূর্বে যারা চূড়ান্ত ও অপেক্ষমান তালিকায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

- ৮) নিয়োগ বিজ্ঞপ্তি ইউপি অফিসের নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব পোর্টালে, উপজেলা পরিসংখ্যান অফিসের নোটিশ বোর্ডে এবং ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে।
- ৯) মূল শুমারির জন্য নির্বাচিত পাঠীদের তালিকা যথাসময়ে উপজেলা পরিসংখ্যান অফিসের নোটিশ বোর্ডে এবং ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে।
- ১০) প্রথমে অস্থায়ী ভাবে নিয়োগ করা হবে পরবর্তীতে ই-ট্রেইনিং এ সফল হলেই কেবল শুমারিতে তথ্য সংগ্রহ ও তদারকি কাজে সুপারভাইজার ও গণনাকারী হিসেবে চূড়ান্তভাবে নিয়োগ দেওয়া হবে।
- ১১) নিয়োগ সংক্রান্ত বিষয়ে গঠিত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।
- ১২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব পোর্টাল <http://tarash.sirajganj.gov.bd>
- ১৩) উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েব পোর্টাল <http://bbs.tarash.sirajganj.gov.bd>
- ১৪) মৌখিক পরীক্ষা নিয়োক্ত স্বাক্ষরকারীর কার্যালয় অনুষ্ঠিত হবে।



(মোঃ মেজবাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
তাড়াশ, সিরাজগঞ্জ

ও
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি